



ইরানের জ্বালানিতে ৬০ দিনের মার্কিন নিষেধাজ্ঞা প্রত্যাহার



সংগৃহীত ছবি

ইরানের জ্বালানি তেল ও পেট্রোকেমিক্যাল পণ্য রফতানির ওপর আরোপিত কিছু নিষেধাজ্ঞা সাময়িকভাবে শিথিল করেছে যুক্তরাষ্ট্র। এ লক্ষ্যে ৬০ দিনের একটি ‘সাধারণ লাইসেন্স’ জারি করেছে মার্কিন ট্রেজারি বিভাগ।

সোমবার (২২ জুন) প্রকাশিত এক ঘোষণায় জানানো হয়, সুইজারল্যান্ডে চলমান দ্বিপক্ষীয় শান্তি আলোচনায় ইতিবাচক অগ্রগতির প্রেক্ষাপটে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী ২১ আগস্ট পর্যন্ত এই বিশেষ ছাড় কার্যকর থাকবে।

মার্কিন ট্রেজারি সেক্রেটারি স্কট বেসেন্ট এক পোস্টে বলেন, ইরানের সঙ্গে চলমান ফলপ্রসূ আলোচনার ধারাবাহিকতায় এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

জানা গেছে, এর বিনিময়ে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে আন্তর্জাতিক বাণিজ্যিক জাহাজের অবাধ চলাচল নিশ্চিত করার পাশাপাশি আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) পরিদর্শকদের প্রবেশাধিকার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে তেহরান।

বিশ্লেষকদের মতে, এই লাইসেন্স কার্যকর হওয়ার ফলে আন্তর্জাতিক বাজারে বৈধ প্রক্রিয়ায় ইরানি অপরিিশোধিত তেল ও পেট্রোকেমিক্যাল পণ্য রফতানির সুযোগ উল্লেখযোগ্যভাবে বাড়বে।